QR Code ভিত্তিক ‘ফুয়েল পাস বিডি’ (Fuel Pass BD)

ফিলিং স্টেশনের জন্য সাধারণ নির্দেশিকা

১. নিবন্ধন (Registration):

অকটেন, পেট্রোল ও ডিজেল প্রদানকারী সকল ফিলিং স্টেশন বাধ্যতামূলকভাবে এই রেজিস্ট্রেশনের আওতায় আসবে। গুগল প্লে স্টোর থেকে Fuel Pass BD লিখে সার্চ দিয়ে অ্যাপ ইন্সটল করার মাধ্যমে অথবা www.fuelpass.gov.bd ওয়েসবসাইট থেকে রেজিস্ট্রেশন করা যাবে। রেজিস্ট্রেশনের জন্য ফিলিং স্টেশনের রেজিস্ট্রেশন আইডি, নাম ও নিবন্ধিত মোবাইল নম্বর প্রয়োজন হবে। ওটিপি’র মাধ্যমে মোবাইল নম্বর ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন কার্যক্রম শেষ হবে। ফিলিং স্টেশন এর নিবন্ধিত মালিক/ব্যবস্থাপক অ্যাপ থেকেই প্রয়োজনীয় সংখক অপারেটর নিয়োগ করতে পারবেন যারা জ্বালানি বিতরণে দায়িত্বে থাকবেন।

২. কার্যপরিধি (Scope of Implementation)

বর্তমানে ‘ফুয়েল পাস বিডি’ সিস্টেমটি এমুহূর্তে সারা দেশের নিবন্ধিত মোটরসাইকেলে জ্বালানি প্রদানের জন্য চালু করা হয়েছে। পর্যায়ক্রমে এই সিস্টেমে সমগ্র দেশব্যাপী অন্যান্য সকল যানবাহন অন্তর্ভুক্ত করা হবে। ফুয়েল পাস সিস্টেমে পাওয়া QR Code টি ফিলিং স্টেশনের পাম্প/নজল অপারেটর জ্বালানি প্রদানের পূর্বে স্ক্যান করবেন এবং স্ক্যান করার পর গ্রাহকের প্রয়োজন অনুসারে নির্দিষ্ট পরিমাণ জ্বালানি পাম্প/নজল অপারেটর তার মোবাইলে এন্ট্রি করে উক্ত নির্দিষ্ট পরিমাণ জ্বালানি সরবরাহ করবেন।

৩. ব্যবহারে বাধ্যবাধকতা

মোটরসাইকেলে জ্বালানি সরবরাহের ক্ষেত্রে সকল গ্রাহককে ‘ফুয়েল পাস বিডি’ আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে।

৪. অপারেটর নিয়োগ ও প্রযুক্তিগত প্রস্তুতি

প্রতিটি ফিলিং স্টেশনকে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর অপারেটর নিয়োগ করতে হবে।

- অপারেটরদের ন্যূনতম একটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন থাকতে হবে।
- মোবাইল ডিভাইসে সক্রিয় ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে।

৫. দিনের শুরুর জ্বালানি হিসাব সিস্টেমে ইনপুট প্রদান

প্রতিটি ফিলিং স্টেশনকে দিনের কার্যক্রম শুরুর আগে বিগত দিনের সাথে মিল রেখে জ্বালানি হিসাব সিস্টেমে ইনপুট দিত হবে, অন্যথায় সিস্টেম কাজ শুরু করবে না।

৬. যাচাই-বাছাই প্রক্রিয়া

জ্বালানি সরবরাহের পূর্বে পাম্প/নজল অপারেটরকে গ্রাহকের QR Code থেকে প্রাপ্ত তথ্যের সাথে সংশ্লিষ্ট মোটরসাইকেলের নম্বর প্লেট মিলিয়ে নিশ্চিত হতে হবে।

৬. অনিয়ম বিষয়ে সতর্কতা

মোটরসাইকেলে জ্বালানি সরবরাহের ক্ষেত্রে QR Code ব্যতীত কোন প্রকার জ্বালানি সরবরাহ করা যাবে না। এক্ষেত্রে অনিয়ম হলে ফিলিং স্টেশন কর্তৃপক্ষ/অপারেটরের বিরুদ্ধে প্রচলিত আইনের আওতায় ব্যবস্থা নেয়া হবে।